

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৫.০০৭.০১.০০.০০৪.২০১৭-৪৯১

তারিখঃ ১৭/০৭/২০১৭ খ্রিঃ

বিষয় : স্থানীয় সরকার বিভাগের আওতাধীন ঢাকা ওয়াসা “দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প” এর পরামর্শক প্রতিষ্ঠান নিয়োগের লক্ষ্যে অনুস্বাক্ষরিত খসড়া চুক্তিপত্রের উপর মতামত প্রদান প্রসঙ্গে।


সূত্র : ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬১৭.০০.০০.০১৬.২০১৪-৭৪৩, তারিখঃ ০৪/০৫/২০১৭

স্থানীয় সরকার বিভাগের আওতায় ঢাকা ওয়াসা কর্তৃক বাস্তবায়নাধীন “দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প” ঢাকা মহানগরী ও আশেপাশের এলাকার পয়ঃনিকাশন ব্যবস্থা উন্নয়নের লক্ষ্যে গৃহিত হয়েছে। এ প্রকল্পের মাধ্যমে দূষিত পানি ও পয়ঃবর্জ্য পরিশোধনপূর্বক নিকাশনের মাধ্যমে পানি ও পরিবেশ দূষণ রোধ করা হবে। প্রকল্পের কার্যক্রম তদারকির জন্য Hankuk Engineering Consultant (H.E.C), Korea-কে পরামর্শক প্রতিষ্ঠান হিসেবে নিয়োগের লক্ষ্যে একটি খসড়া চুক্তিপত্র অনুস্বাক্ষরিত হয়েছে। উক্ত খসড়া চুক্তিপত্রের উপর জাতীয় রাজস্ব বোর্ডের মতামত প্রয়োজন।

এমতাবস্থায়, এ সংশ্লিষ্ট খসড়া চুক্তিপত্রের কপি এসাথে প্রেরণ করা হল। ঢাকা ওয়াসার ‘দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প’ বাস্তবায়নের লক্ষ্যে অনুস্বাক্ষরিত খসড়া চুক্তিপত্রের উপর মতামত প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে।

চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড
সেগুনবাগিচা, ঢাকা


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
e-mail: watersupply_02@yahoo.com

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে :

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, কাওরান বাজার, ঢাকা।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। প্রকল্প পরিচালক, ‘দাশেরকান্দি পয়ঃশোধনাগার প্রকল্প’ ঢাকা ওয়াসা।
- ✓ ৬। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রতিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।